

নামি স্কুলের ভর্তি ফরম কিনতে ভিড়

■ সমকাল প্রতিবেদক
নামিদামি স্কুলগুলোর প্রথম শ্রেণীর ভর্তি ফরম কিনতে এখন অভিভাবকের উপচেপড়া ভিড়। সোমবার ভিকারুননিসা নূন স্কুল ও মতিখিল আইডিয়াল স্কুল ঘুরে এমন দৃশ্য দেখা গেছে। তবে বড় স্কুলগুলোর রাজধানীজড়ে একাধিক শাখা থাকায় এবং প্রতিটি শাখায় আলাদা কাউন্টার থাকার কারণে - ফরম কিনতে অভিভাবকদের তেমন কোনো বেগ পোহাতে হয়নি। ফরমের মূল্য ২০০ টাকা। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি) জানিয়েছে, এ বছরও প্রথম শ্রেণীর ভর্তি পট্টারির মাধ্যমে সম্পন্ন করা হবে।

রাজধানীর সরকারি ২৪টি মাধ্যমিক বিদ্যালয়ে ২০১৪ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণীতে শিও ভর্তির আবেদন ফরম আগামী ১ ডিসেম্বর থেকে ছাড়া হবে। চলবে ৯ ডিসেম্বর পর্যন্ত। গতকাল মাউশির মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন সমকালকে এ তথ্য জানান।

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল আত কলেজে রোববার থেকে প্রথম শ্রেণীর ভর্তি ফরম বিক্রি শুরু হয়েছে। চলবে ১৪ নভেম্বর পর্যন্ত। এবার এ স্কুলের বেইলি রোড, আজিমপুর, ধানমন্ডি ও বসুন্ধরা-এ চারটি শাখায় ১ হাজার ৫৫৫ হাজারী প্রথম শ্রেণীতে ভর্তি করা হবে।

মতিখিল আইডিয়াল স্কুল আত কলেজে ২০১৪ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণীতে ভর্তির ফরম সোমবার বিক্রি শুরু হয়েছে। চলবে ১৮ নভেম্বর পর্যন্ত।

মতিখিল মডেল হাইস্কুল আত কলেজের মতিখিল ও বাসাবো উভয় ক্যাম্পাসেই প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত এবার শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি ফরম আজ মঙ্গলবার থেকে শুরু হয়ে শেষ হবে ৩০ নভেম্বর। এ ছাড়া রাজধানীর হপিক্রস স্কুল আত কলেজ, এসওএস হারম্যান মেইনার স্কুল ও ওয়াইডরিউসিএ স্কুলেও পট্টারিতে ভর্তি করা হবে। শিগগিরই এসব প্রতিষ্ঠানে ভর্তির ফরম বিতরণের তারিখ জানানো হবে।